গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ

এন্টি টেররিজম ইউনিট

বাড়ি নম্বর-৩৫, ব্লক-কে, সোহরাওয়ার্দী এভিনিউ, বারিধারা, ঢাকা।

www.atu.police.gov.bd

বিষয় ঃ এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) প্রশাসন বিভাগ এর বিভিন্ন উইং এর কার্যক্রম সংক্রান্তে সভা।

সভাপতি ঃ জনাব শাহ মিজান শাফিউর রহমান, বিপিএম (বার), পিপিএম, ডিআইজি (প্রশাসন) এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা।

সভার স্থান ঃ এটিইউ হেডকোয়ার্টার্স, বাড়ি নম্বর-৩৫, ব্লক-কে, সোহরাওয়ার্দী এভিনিউ, বারিধারা, ঢাকা।

সভার তারিখ ও সময় ঃ ১৫/০১/২০২৩ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা।

সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন ঃ

১. জনাব শাহ মিজান শাফিউর রহমান, বিপিএম (বার), পিপিএম, ডিআইজি (প্রশাসন) এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা
২. জনাব কানিজ ফাতেমা, অতিরিক্ত ডিআইজি (প্রশাসন), এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৩. জনাব মোছাঃ শিরিন আক্তার জাহান, পুলিশ সুপার (ট্রেনিং), এন্টি টেররিজম ইউনিট, ঢাকা।
৪. জনাব আবু আশ্রাফ, পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), এন্টি টেররিজম ইউনিট, ঢাকা।
৫. জনাব মেরিন সুলতানা, পুলিশ সুপার (ডেভেলপমেন্ট), এন্টি টেররিজম ইউনিট, ঢাকা।
৬. মোঃ হামিদুল ইসলাম প্রধান, সিস্টেম এনালিস্ট, এন্টি টেররিজম ইউনিট, ঢাকা।
৭. জনাব মোঃ সাজ্জাদ হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার (ফোর্স অ্যান্ড লজিস্টিকস), এন্টি টেররিজম ইউনিট, ঢাকা।
৮. জনাব ওয়াহিদা পারভীন, সহকারী পুলিশ সুপার (মিডিয়া এন্ড অ্যাওয়ারনেস), এন্টি টেররিজম ইউনিট, ঢাকা।

জনাব শাহ মিজান শাফিউর রহমান, বিপিএম (বার), পিপিএম, ডিআইজি (প্রশাসন), এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা'র সভাপতিত্বে এটিইউ হেডকোয়ার্টার্সে গত ১৫/০১/২০২৩ খ্রিঃ তারিখে এটিইউ এর প্রশাসন বিভাগের বিভিন্ন উইং এর কার্যক্রম নিয়ে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রশাসন ঃ

০১। এন্টি টেররিজম ইউনিটের গাড়ীর নিরাপত্তা নিশ্চিতকল্পে অফিসে গাড়ী প্রবেশের সময় এবং ত্যাগের পূর্বে ড্রাইভার গাড়ী চেক করবেন। এক্ষেত্রে অফিসের দায়িত্বরত নিরাপত্তাকর্মীগণ মীরর দিয়ে গাড়ীর নিচের অংশ চেক করবেন।

০২। এন্টি টেররিজম ইউনিটের ২য় ভবনের নিরাপত্তা নিশ্চিতে গঠিত কমিটি সাপ্তাহিক ভিত্তিতে অতিরিক্ত ডিআইজি(প্রশাসন) বরাবর প্রতিবেদন দাখিল করবেন।

০৩। পুলিশ সুপার (প্রশাসন) ও অতিরিক্ত পুলিশ সুপার (ফোর্স এন্ড লজিস্টিকস) মাঝে মধ্যে আকস্মিক পুলিশ লাইন্স পরিদর্শন করবেন। ছুটি রেজিস্টার, রেশন বন্টন বিষয়াদী, ডি-স্টোর, সি-স্টোর, অস্ত্রাগার ও অন্যান্য বিষয় পরিদর্শন শেষে কোথাও কোন ত্রুটি-বিচ্যুতি পাওয়া গেলে বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।

০৪। প্রতিমাসে এন্টি টেররিজম ইউনিটের পুলিশ লাইন্সে মাস্টার প্যারেড, কিট প্যারেড ও এলার্ম প্যারেড অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য পুলিশ সুপার (প্রশাসন)'কে নির্দেশ প্রদান করা হয়।

০৫। পুলিশ লাইন্সের প্রধান গেইটে একটি রেজিস্টার থাকবে। ইহাতে পুলিশ সদস্যদের মধ্যে থেকে কে কখন কোথায় কি কারনে পুলিশ লাইন্সের বাহিরে যায় এবং কখন প্রবেশ করেছে সে বিষয়টি লিপিবদ্ধ করবে।

০৬। পুলিশ সুপার (প্রশাসন) পুলিশ লাইন্সের নিরাপত্তা নিশ্চিতকল্পে একটি ডিউটি বন্টন আদেশ তৈরী করবেন।

০৭। প্রতিদিন পিটি পরিচালনার জন্য একজন এসআই(সঃ) এবং তদারকী করার জন্য একজন ইন্সপেক্টর(সঃ)'কে দায়িত্ব প্রদান করতে হবে। এ বিষয়ে পুলিশ সুপার (প্রশাসন) ব্যবস্থা গ্রহণ করবেন।

০৮। যে সকল পুলিশ সদস্যদের পরিবার নিয়ে পুলিশ লাইন্সের বাহিরে বসবাস করার অনুমতি নাই তাদের মধ্যে কেউ পুলিশ লাইন্সের বাইরে বসবাস করলে তাদেরকে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য পুলিশ সুপার (ডেভেলপমেন্ট)'কে নির্দেশ প্রদান করা হয়।

০৯। সি-স্টোরে কখন কি মালামাল আসে বিষয়টি পুলিশ সুপার(প্রশাসন) ও অতিরিক্ত পুলিশ সুপার(ফোর্স এন্ড লজিস্টিকস)'কে স্টোর ইনচার্জ অবহিত করবেন।

১০। সি-স্টোর এবং ডি-স্টোরে ফোর্সের প্রাপ্যতার তালিকা টাঙ্গিয়ে রাখতে হবে এবং রোল কলে মাঝে মধ্যে তাদের সরকারি মালামালে প্রাপ্যতার বিষয়টি ব্রিফ করতে হবে।

১১। এমটি/ডি-স্টোরের জমাকৃত অকেজো মালামাল বিধি মোতাবেক খারিজ ও ধ্বংসের জন্য কমিটি গঠন করতে হবে। এ বিষয়ে পুলিশ সুপার (প্রশাসন) ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। এন্টি টেররিজম ইউনিটের লাইব্রেরির জন্য সময়োপযোগী/বেস্ট সেলার ও টেররিস্ট(সন্ত্রাস) সংক্রান্ত বই সংগ্রহ করতে হবে। এ বিষয়ে পুলিশ সুপার (মিডিয়া), পুলিশ সুপার (ট্রেনিং), পুলিশ সুপার (ডেভেলপমেন্ট) এবং পুলিশ সুপার (প্রশাসন)'কে নির্দেশ প্রদান করা হয়।

১৩। এন্টি টেররিজম ইউনিটের পুলিশ সদস্যদের জন্য বার্ষিক ক্রিয়া প্রতিযোগিতার প্রোগ্রাম প্রস্তুত করতে হবে। এ ব্যাপারে পুলিশ সুপার (প্রশাসন) ব্যবস্থা গ্রহণ করবেন এবং অতিরিক্ত ডিআইজি(প্রশাসন) তদারকী করবেন।

১৪। আর্থিক কোডে পুলিশ হেডকোয়ার্টার্স হতে যে অর্থ বরাদ্দ আসে তা অতিরিক্ত ডিআইজি(প্রশাসন) এর তত্ত্বাবধানে পুলিশ সুপার(প্রশাসন) বিধি মোতাবেক প্রয়োজন অনুসারে খরচের ব্যবস্থা গ্রহণ করবেন।

চলমান

ডেভেলপমেন্ট ঃ

০১। এন্টি টেররিজম ইউনিটের পুলিশ লাইন্স ও অন্যান্য স্থাপনা নিমার্ণের জন্য ১০ একর জমি বরাদ্দের কাজ চলমান থাকায় বিষয়টি পুলিশ সুপার (ডেভেলপমেন্ট) তদারকী করবেন এবং এন্টি টেররিজম ইউনিটের প্রধান কার্যালয় স্থায়ীভাবে স্থাপনের জন্য ঢাকা সিটি কর্পোরেশনের আওতাভূক্ত এলাকায় জমি খোঁজ করবেন।

০২। প্রত্যেক বিভাগীয় অফিসগুলো যাতে মানসম্পন্ন হয় সে ব্যাপারে পুলিশ সুপার (ডেভেলপমেন্ট) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। বর্তমান অফিস বারিধারা হতে পূর্বাচলে স্থানান্তরের বিষয়ে পুলিশ সুপার (ডেভেলপমেন্ট) পুলিশ হেডকোয়ার্টার্সের সাথে যোগাযোগ করবেন। এ বিষয়ে যদি পুলিশ হেডকোয়ার্টার্স হতে পজেটিভ ফলাফল আসে তাহলে উর্ধ্বতন কর্মকর্তা বিভাগ/উইং/সেকশনসমূহের জন্য স্থান বিন্যাস পরিকল্পনা তৈরী করবেন।

০৪। প্রত্যেক বিভাগীয় অফিসের কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে অফিসার ও ফোর্স এর ভবিষ্যৎ চাহিদা প্রস্তুত করবেন।

মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস ঃ

০১। জঙ্গিবাদ প্রতিরোধ সংক্রান্তে সাংবাদিকদের সাথে ৬ মাসে অন্তত একবার ১টি সেমিনার বা মতবিনিময় সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে বাজেট প্রস্তুতকরণের জন্য পুলিশ সুপার (মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)'কে নির্দেশ প্রদান করা হয়। এ বিষয়ে তিনি পুলিশ সুপার (ট্রেনিং) এর সহযোগিতা গ্রহণ করবেন।

০২। ঢাকার বড় বড় মসজিদ, মাদ্রাসা ও বিশিষ্ট ইমামদের তালিকা প্রস্তুত করতে হবে। এছাড়াও মসজিদ ও মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকদের নাম/ঠিকানাসহ যোগাযোগের জন্য মোবাইল নম্বর সংগ্রহ করতে হবে। এক্ষেত্রে ঢাকা মেট্রোপলিটন এলাকাকে উত্তর ও দক্ষিণ দুটি ভাগে বিভক্ত করন পূর্বক দুটি তালিকা প্রস্তুত করবেন। এ বিষয়ে পুলিশ সুপার(ট্রেনিং) এর সহায়তা গ্রহণ করা যেতে পারে।

০৩। পুলিশ সুপার (মিডিয়া) প্রয়োজন অনুসারে অথবা মাসিক ভিত্তিতে অ্যাওয়ারনেস প্রোগ্রাম তৈরী করবেন এবং অ্যাওয়ারনেস প্রোগ্রাম সফলভাবে সম্পন্ন করার পর এবং উক্ত প্রোগ্রামে আমাদের পক্ষ হতে অংশ গ্রহণকারী অফিসার ও ফোর্সেদের নাম উল্লেখ পূর্বক একটি বিস্তারিত প্রতিবেদন অতিরিক্ত ডিআইজি(প্রশাসন) বরাবর দাখিল করবেন। উল্লেখ্য যে, উক্ত প্রতিবেদনে প্রোগ্রামের স্থান, অংশগ্রহণকারীদের পরিচিতি ও সংখ্যা উল্লেখ থাকবে হবে।

০৪। অতিরিক্ত ডিআইজি(প্রশাসন), অতিরিক্ত ডিআইজি(অপারেশনস্), পুলিশ সুপার(মিডিয়া), পুলিশ সুপার(ট্রেনিং)সহ এই ইউনিটের অন্যান্য পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপার ও সহকারি পুলিশ সুপারদের নেতৃত্বে বিভিন্ন স্থানে সুবিধামত সময়ে অ্যাওয়ারনেস প্রোগ্রামের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ট্রেনিং ঃ

০১। বিভিন্ন ট্রেনিং এর মডিউল ও বাজেট প্রস্তুতের ব্যবস্থা করতে হবে। এ ব্যাপারে পুলিশ সুপার (ট্রেনিং) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০২। প্রতিমাসে ০৫ দিন ব্যাপী অ্যাওয়ারনেস প্রোগ্রামের আওতায় ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করা হয়।

15/1/23

শাহ মিজান শাফিউর রহমান, বিপিএম (বার), পিপিএম
ডিআইজি (প্রশাসন)
এন্টি টেররিজম ইউনিট
বাংলাদেশ পুলিশ, ঢাকা।

স্মারক নং-৪৪.০১.০০০০.৯৮৫.০২.০০২.২২-০২ তাং- ১৫/০১/২০২৩ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। ডিআইজি (অপারেশনস্), এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০২। অতিঃ ডিআইজি (প্রশাসন/অপারেশনস্), এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৩। অতিঃ ডিআইজি (.................................... বিভাগ), এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৪। পুলিশ সুপার (.. ......), এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৫। সিস্টেম এনালিস্ট, এন্টি টেররিজম ইউনিট, ঢাকা।
০৬। স্টাফ অফিসার টু অতিঃ আইজি, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা → (অতিঃ আইজি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। অতিঃ পুলিশ সুপার (ফোর্স অ্যান্ড লজিস্টিকস্), এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৮। পুলিশ পরিদর্শক (প্রশাসন/আরআই/কন্ট্রোল/এমটি/রেশন স্টোর/সি-স্টোর/ডি-স্টোর), এটিইউ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৯। অফিস কপি।

শাহ মিজান শাফিউর রহমান, বিপিএম (বার), পিপিএম
ডিআইজি (প্রশাসন)
এন্টি টেররিজম ইউনিট
বাংলাদেশ পুলিশ, ঢাকা।